

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম

প্র/ন
১৬/০৫/২০২৬
Mozid
05/05/2026

নং- ৪৩.২৬.১৫০০.০০২.২৩.০০২.১৯(অংশ-২).

তারিখঃ ২২ বৈশাখ ১৪৩৩ বাং
০৫ মে ২০২৬

বিষয়: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৭ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বইপাঠ ও রচনা প্রতিযোগিতা এবং পুস্তক প্রদর্শনী।

সূত্র: গণগ্রন্থাগার অধিদপ্তরের ০৪.০৫.২০২৬ তারিখের ৪৩.২৬.০০০০.০০১.২৩.৮৩৬.২২.৩৫৯৩ সংখ্যক পত্র।

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৭ তম জন্মবার্ষিকী উদযাপন এর লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের দিক নির্দেশনায় বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম এ নিম্নোক্ত বিষয়ে বইপাঠ ও রচনা প্রতিযোগিতা এবং পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। এ উপলক্ষ্যে আগ্রহী সকলকে প্রতিযোগিতা এবং পুস্তক প্রদর্শনীতে অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা:

| ক্রমিক | গ্রুপ | শ্রেণি | রচনা প্রতিযোগিতার বিষয় | তারিখ ও সময় |
|--------|-------|-------------------------------|-------------------------|--------------------------|
| ১. | ক | পঞ্চম-অষ্টম | শিশু সাহিত্যে নজরুল | ১৬.০৫.২০২৬ বেলা ১১ টা |
| ২. | খ | নবম-দ্বাদশ | সাম্যের কবি নজরুল | |
| ৩. | গ | স্নাতক-স্নাতকোত্তর/সর্বসাধারণ | প্রেম ও দ্রোহে নজরুল | |

খ) বইপাঠ প্রতিযোগিতা:

| ক্রমিক | গ্রুপ | শ্রেণি | বইপাঠ প্রতিযোগিতার বিষয় | তারিখ ও সময় |
|--------|-------|-------------------------------|--------------------------------|---------------------------|
| ১. | ক | তৃতীয়-পঞ্চম | অত্র গ্রন্থাগারের নির্ধারিত বই | ১৬.০৫.২০২৬ দুপুর ১২ টা |
| ২. | খ | ষষ্ঠ-অষ্টম | | |
| ৩. | গ | নবম-দ্বাদশ | | |
| ৪. | ঘ | স্নাতক-স্নাতকোত্তর/সর্বসাধারণ | | |

গ) পুস্তক প্রদর্শনী:

| ক্রমিক | বিষয় | তারিখ ও সময় |
|--------|------------------|--|
| ১. | পুস্তক প্রদর্শনী | ১৬.০৫.২০২৬ ও ১৭.০৫.২০২৬ (০২ দিন) সকাল ৯ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত |

বইপাঠ ও রচনা প্রতিযোগিতার স্থান: চট্টগ্রাম জেলার বইপাঠ ও রচনা প্রতিযোগিতা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, কে.সি.দে রোড (কেন্দ্রীয় শহিদ মিনার সংলগ্ন) নন্দনকানন, কোতোয়ালী, চট্টগ্রাম এর সেমিনার কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত হবে। প্রতিযোগীদের নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট পূর্বে প্রতিযোগিতাস্থলে উপস্থিত হতে হবে।

শর্তাবলি:

- বইপাঠ ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের প্রয়োজনীয় কাগজ এই গ্রন্থাগার হতে সরবরাহ করা হবে।
- সকল প্রতিযোগীকে পরিচয়পত্রের কপি জমা দিতে হবে (শিক্ষার্থীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি এবং অন্যদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি)।
- বিস্তারিত তথ্যের জন্য ০১৮১৬-৭৫১৭৩৭, ০১৮৩০-১৭৫৫৫৬ এবং ০১৮৭২-১৩৪০১৪ নম্বরে (সকাল ৯টা হতে বিকাল ৪টার মধ্যে) যোগাযোগ করা যাবে।

রেজিস্টার/অধ্যক্ষ/প্রধান শিক্ষক

০৫-০৫-২০২৬
দিলীপ কুমার সাহা
পরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম
ফোন ০২৩৩৩৩৮৯৩৯৭
মোবাইল: ০১৩৩২৮৪৫৭৩৮